

# কালের কণ্ঠ

শেখ হাসিনার নির্দেশ  
জনবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়  
ময়মনসিংহ বন বিভাগ।



## বিজ্ঞপ্তি

বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২২ প্রদানের জন্য আবেদন আহ্বান।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এ বছরও “বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২২” প্রদান করা হবে। সে মতে ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোণা ও কিশোরগঞ্জ জেলাসমূহের আগ্রহী ব্যক্তি, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে “বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদানের নীতিমালা (সংশোধনী)-২০২১” মোতাবেক মোট ০৭টি শ্রেণীতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। এতদসংক্রান্ত আবেদনপত্র বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ বন বিভাগ, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট সহকারী বন সংরক্ষকের কার্যালয়, রেঞ্জ কর্মকর্তার কার্যালয় ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণকরতঃ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে, রেঞ্জ কর্মকর্তার কার্যালয়ে, ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্রে আগামী ৩১/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দাখিল করতে হবে। প্রয়োজনে আবেদন সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী বন সংরক্ষকের কার্যালয়, রেঞ্জ কর্মকর্তার কার্যালয়, ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র হতে জানতে পারা যাবে।

পুরস্কারের শ্রেণী-৭টি (ক) প্রাথমিক বিদ্যালয়/উচ্চ বিদ্যালয়/এবতেদায়ী মাদ্রাসা/ সিনিয়র মাদ্রাসা/ কলেজ/ বিশ্ববিদ্যালয় (খ) ইউনিয়ন পরিষদ/ উপজেলা পরিষদ/ জেলা পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন/ অধিদপ্তর/ পরিদপ্তর/ সেক্টর কর্পোরেশন/ প্রতিষ্ঠান/ এনজিও/ ক্লাব/ স্বেচ্ছাসেবী সংস্থা (গ) ব্যক্তি পর্যায়ে বৃক্ষরোপণ (ঘ) ব্যক্তিমালিকানাধীন নার্সারি (ঙ) বাড়ির ছাদে বাগান সৃজন (চ) বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান (উপকূলীয় এলাকায় সৃজিত বাগানসহ অন্যান্য সকল ধরনের বাগান) ও (ছ) বৃক্ষ গবেষণা/ সংরক্ষণ/ উদ্ভাবন। প্রতি শ্রেণীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার প্রদান করা হবে। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

(এ. কে. এম রুহুল আমিন)  
বিভাগীয় বন কর্মকর্তা  
ময়মনসিংহ বন বিভাগ।

PF-183-931/22 (6"x3)